# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪১২২

২৮/ চিরুনি করা (كتاب الترجل)

পরিচ্ছেদঃ ৪. পরচুলা ব্যাবহার সম্পর্কে।

## باب فِي صِلَةِ الشَّعْرِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِيسَى، وَعُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، - الْمَعْنَى - قَالاَ حَدَّثَنَا جَرِيرٌ، عَنْ مَنْصُورٍ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَلْقَمَةَ، عَنْ عَبْدِ اللَّهِ، قَالَ لَعَنَ اللَّهُ الْوَاشِمَاتِ وَالْمُسْتَوْشِمَاتِ . قَالَ مُحَمَّدٌ وَالْوَاصِلاَتِ وَقَالَ عُثْمَانُ وَالْمُتَنَمِّصَاتِ ثُمَّ اتَّفَقَا وَالْمُتَفَلِّجَاتِ لِلْحُسْنِ الْمُغَيِّرَاتِ خَلْقَ اللَّهِ عَزَّ وَجَلَّ . فَبَلَغَ ذَلِكَ امْرَأَةً مِنْ بَنِي أَسَدٍ يُقَالُ لَهَا أُمُّ يَعْقُوبَ . زَادَ عُثْمَانُ كَانَتْ تَقْرَأُ الْقُرْآنَ ثُمَّ اتَّفَقَا فَأَتَتْهُ فَقَالَتْ بَلَغَنِي عَنْكَ أَنَّكَ لَعَنْتَ الْوَاشِمَاتِ وَالْمُسْتَوْشِمَاتِ . قَالَ مُحَمَّدٌ وَالْوَاصِلاَتِ وَقَالَ عُثْمَانُ وَالْمُتَنَمِّصَاتِ ثُمَّ اتَّفَقَا وَالْمُتَفَلِّجَاتِ قَالَ عُثْمَانُ لِلْحُسْنِ الْمُغَيِّرَاتِ خَلْقَ اللَّهِ تَعَالَى . فَقَالَ وَمَا لِي لاَ أَلْعَنُ مَنْ لَعَنَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَهُوَ فِي كِتَابِ اللَّهِ تَعَالَى قَالَتْ لَقَدْ قَرَأْتُ مَا بَيْنَ لَوْحَىِ الْمُصْحَفِ فَمَا وَجَدْتُهُ . فَقَالَ وَاللَّهِ لَئِنْ كُنْتِ قَرَأْتِيهِ لَقَدْ وَجَدْتِيهِ ثُمَّ قَرَأَ ‏(‏ وَمَا آتَاكُمُ الرَّسُولُ فَخُذُوهُ وَمَا نَهَاكُمْ عَنْهُ فَانْتَهُوا ‏)‏ قَالَتْ إِنِّي أَرَى بَعْضَ هَذَا عَلَى امْرَأَتِكَ . قَالَ فَادْخُلِي فَانْظُرِي . فَدَخَلَتْ ثُمَّ خَرَجَتْ فَقَالَ مَا رَأَيْتِ وَقَالَ عُثْمَانُ فَقَالَتْ مَا رَأَيْتُ . فَقَالَ لَوْ كَانَ ذَلِكَ مَا كَانَتْ مَعَنَا .

বাংলা

৪১২২. মুহাম্মদ ইব্ন ঈসা (রহঃ) .... আবদুল্লাহ্ ইব্ন মাসউদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ মহান আল্লাহ্ উলকীকারী ও যে উলকী করায়- এরূপ মহিলার উপর লা’নত করেছেন।

রাবী মুহাম্মদ (রহঃ) বলেনঃ পরচুলা তৈরিকারিণীর উপরও লা’নত; রাবী উছমান (রহঃ) বলেনঃ মাথার চুল যে উপড়ায়, তার উপরও লা’নত। এরপর উভয় রাবী বলেনঃ আল্লাহ্ তাদের উপর লা’নত করেছেন, যারা সৌন্দর্য বৃদ্ধির জন্য দাঁতে শান দিয়ে আল্লাহ্র সৃষ্টি পদার্থকে পরিবর্তন করে।

রাবী বলেনঃ এ খবর আসাদ গোত্রের জনৈক মহিলার কাছে পৌঁছায়, যাকে উম্মু ইয়াকূব বলা হতো এবং তিনি কুরআন পড়তেন। তিনি আবদুল্লাহ্ ইব্ন মাসঊদ (রাঃ) এর উপস্থিত হয়ে বলেনঃ আমি জানতে পেরেছি যে, আপনি তাদের লা’নত করেছেন, যারা উলকী করে এবং করায়, পরচুলা তৈরীকারী, চুল উপড়ায় এবং দাঁত ধারালকারী-মহিলাদের উপর, যারা এভাবে আল্লাহ্‌র সৃষ্টির মধ্যে পরিবর্তন সাধন করে। তখন তিনি বলেনঃ আমি কেন তাদের লা’নত করবো না, যাদের উপর রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লা’নত করেছেন এবং তারা কুরআনের দৃষ্টিতেও অভিশপ্ত? তখন সে মহিলা বলেঃ কই, আমি তো কুরআনে এরূপ কিছু পাইনি!

তখন ইব্ন মাস’ঊদ (রাঃ) বলেনঃ তুমি যদি গভীর মনোনিবেশ সহকারে কুরআন পড়তে, তাহলে অবশ্যই তুমি পেতে। এরপর তিনি তিলাওয়াত করেনঃ (অর্থ) “রাসূল তোমাদের যা দেন, তা তোমরা গ্রহণ কর; আর তিনি যা হতে তোমাদের নিষেধ করেন, তা হতে বিরত থাক।” (হাশরঃ ৭)

তখন সে মহিলা বলেঃ আমি তো এসব থেকে তোমার স্ত্রীকেও কিছু কিছু করতে দেখি। তখন তিনি বলেনঃ তুমি ভেতরে যাও এবং দেখে এসো। এরপর সে ভেতরে গিয়ে ফিরে এসে বলেঃ আমি তো (এ সবের) কিছুই দেখলাম না। তখন ইব্ন মাসঊদ (রাঃ) বলেনঃ যদি এ সব থাকতো তবে আমাদের সঙ্গে থাকতে পারতো না।

## English

'Abd Allah (b. Mas'us) said:
Allah has cursed the woman who tattoo and the women who have themselves tattooed, the women who add false hair (according to the version of Muhammad b. Isa) and the women who pluck hairs from their faces (according to the version on 'Uthman). The agreed version then goes: The women who spaces between their teeth for beauty, changing what Allah has created. When a woman of Banu Asad called Umm Ya'qub, who read the Qur'an (according to the version of 'Uthman) heard it, she came to him (according to the agreed version) and said: I have heard that you have cursed the women who tattoo, those have themselves tattooed, those who add false hair (according to the version of Muhammad), those pluck hairs from their faces, and those who make spaces between their teeth (according to the agreed version), for changing what Allah has created (according to the version of 'Uthman). He said: Why should I not curse those whom the Messenger of Allah (ﷺ) had cursed and those who were mentioned in Allah's Book ? She said: I have read it from cover to cover and have not found in it. He said: I swear by Allah, if you read it, you would have found it. He then read: What the Apostle has brought you accept, and what he has forbidden refrain from it. She said: I find some of these thing in you wife. He said: Enter (the house) and see. She said: I then entered (the house) and came out. He asked: What did you see ? She said: I did not see (anything). He said: Had it been so, she would have not have been with us. This is according to the

version of 'Uthman.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=36228

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন